



রোজার পর সিটি করপোরেশন ভোট: ইসি মাসউদ



ইসি মাসউদ। ছবি: সংগৃহীত

রোজার পরপরই স্থানীয় সরকার পর্যায়ে সিটি করপোরেশন নির্বাচন আয়োজনের পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার আবদুর রহমানেল মাসউদ। রোববার (১ মার্চ) দুপুরে ইসি মিডিয়া সেন্টারে রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেমোক্রেসি (আরএফইডি) আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ তথ্য দেন। চলমান উপনির্বাচন নিয়ে কমিশনের তৎপরতার কথাও ভুলে ধরেন তিনি। স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীক ব্যবহার করা হবে কি না, সে বিষয়ে সংসদের সিদ্ধান্তের অপেক্ষায় রয়েছে নির্বাচন কমিশন বলে জানান মাসউদ। সম্প্রতি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে উল্লেখ করে তিনি বলেন, কোথাও কোনো ঘাটতি থাকলে তা পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। এদিকে, নির্বাচন কমিশনের কর্মকাণ্ড নিয়ে গঠনমূলক সমালোচনার আহ্বান জানিয়ে সাংবাদিকদের নিরপেক্ষ ও দায়িত্বশীল ভূমিকা পালনের অনুরোধ করেন নির্বাচন কমিশনার আবদুর রহমানেল মাসউদ।